

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ২০১৫-১৬ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
০১।	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	০২টি	-	২	-	-	২	৫০% (২টি প্রকল্পের)	-	-

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০২টি

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ:

নং	প্রকল্পের নাম	ব্যয় বৃদ্ধির কারণ
১।	Institutional Support for Migrant Workers' Remittances (Component B and C) -শীর্ষক প্রকল্প	প্রকল্পটির প্রকল্প পরিচালক বার বার পরিবর্তন হওয়ায় স্থানীয় পরামর্শক নিয়োগে বিলম্ব হয়েছে। তাছাড়া প্রকল্পের মূল কার্যক্রম যেমন- মাঠ পর্যায়ের প্রশিক্ষণ, সার্ভে, ফোকাস গ্রুপ মিটিং, ওয়ার্কশপ ইত্যাদি সম্পন্ন করার লক্ষ্যে উন্নয়ন সহযোগী এডিবি'র সম্মতির প্রেক্ষিতে প্রকল্পের মেয়াদকাল অর্থাৎ জুন ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়।
২।	Promoting Decent Work through Improved Migration Policy and its Application in Bangladesh -শীর্ষক প্রকল্প	প্রকল্প টিপিপি অনুমোদন হতে ১ বছর বিলম্ব হয়। অনুমোদিত প্রকল্পের Provide equipment and development of network server and database বাবদ ব্যয় বৃদ্ধি। অর্গানাইজেশন এমপ্লয়ার ডিজিট এবং শর্ট প্রমোশানাল টিভিসি খাতে ব্যয় বৃদ্ধি। ইউএন-ওমেন জেন্ডার মেইনস্ট্রিমিং ইন লেবার এট্যাচি ট্রেনিং নামক নতুন অঙ্গ অন্তর্ভুক্তকরণ করে টিপিপি সংশোধন করা হয়। সংশোধিত টিপিপি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২১/১০/২০১৪ তারিখে ২৮৭০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা	সুপারিশ
(১)	(২)
<b>Institutional Support for Migrant Workers' Remittances (Component B and C) -শীর্ষক প্রকল্প</b>	
৩.১ প্রকল্পের কতিপয় অংশের বাস্তবায়ন না করাঃ অনুমোদিত টিপিপি অনুযায়ী প্রশিক্ষণ, ওয়ার্কশপ,	৩.১ প্রকল্পের অনুমোদিত প্রাক্কলিত ১৮২.৯১ লক্ষ টাকার মধ্যে মাত্র ৪০.৫২ লক্ষ টাকা ব্যয় হয়। অবশিষ্ট ১৪২.৩৯

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
	সেমিনার এবং কনটিনজেন্সি খাতের কোন কাজ সম্পন্ন করা হয়নি এবং এ খাত দুটির মোট ৫৬.০৭ লক্ষ টাকা ব্যয় করা হয়নি। তাছাড়া প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৮২.৯১ লক্ষ টাকার বিপরীতে প্রকল্প সমাপ্তিতে মাত্র ৪০.৫২ লক্ষ টাকা ব্যয় করা হয়। অনুমোদিত টিপিপি অনুযায়ী ১৪২.৩৯ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়নি। ফলে প্রকল্পের মূল উদ্দেশ্য অর্জন করা সম্ভব হয়নি;		লক্ষ টাকা অব্যয়িত থাকার ফলে প্রকল্পের মূল উদ্দেশ্য অর্জিত হয়নি। যা প্রকল্প ব্যবস্থাপনা তথা সক্ষমতা ঘাটতি নির্দেশ করে। ভবিষ্যতে বাস্তবায়নকারী সংস্থা প্রকল্প গ্রহণকালে সংস্থার সক্ষমতার বিষয়টি বিবেচনায় রাখতে হবে।
৩.২	<b>ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন</b> নঃ প্রকল্পটি বাস্তবায়নকালে সাড়ে ৪ বছরে মোট ৩ জন প্রকল্প পরিচালক বিভিন্ন মেয়াদে দায়িত্বে নিয়োজিত ছিলেন। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় , প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিদ্ধান্তক্রমে প্রকল্প পরিচালক / ম্যানেজার পরিবর্তন করা হয় এবং প্রত্যেকে ই এ প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক বার বার বদলীর কারণে প্রকল্প সঠিকভাবে বাস্তবায়ন হয়নি। প্রকল্প পরিচালক বার বার পরিবর্তন মোটেই সমীচীন নয়;	৩.২	প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের মাত্র ২২.১৫% অর্থ ব্যয় করা হয়েছে। প্রকল্পের বাকি অর্থ ব্যয় না করা এবং প্রকল্পের উদ্দেশ্য সিংহভাগ অর্জিত না করার বিষয়টি মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং তা আইএমইডিকে অবহিত করবে;
৩.৩	<b>প্রকল্প পরিচালনায় কর্তৃপক্ষের দুর্বল ব্যবস্থাপনাঃ</b> প্রকল্পটির বাস্তবায়নকাল ৩ বছরের স্থলে সাড়ে ৪ বছরে স মাপ্ত হয়েছে। অথচ , অনুমোদিত টিপিপি সংস্থানকৃত অর্থের মাত্র ২২.১৫% অর্থ ব্যয় করা সম্ভব হয়েছে। বাকি ৭৭.৮৫% অর্থ ব্যয় করা সম্ভব হয়নি। উন্নয়ন সহযোগী সংস্থা এডিবি 'র অর্থ ফেরৎ দেয়া হয়েছে। এতে প্রকল্প কর্তৃপক্ষের দুর্বল ব্যবস্থাপনা পরিলক্ষিত হয়েছে।	৩.৩	ভবিষ্যতে উন্নয়ন প্রকল্প যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প পরিচালক বার বার পরিবর্তন পরিহার করতে হবে এবং পরিবর্তন একান্ত আবশ্যকীয় হলে প্রকল্প পরিচালক পরিবর্তন বিষয়ক কমিটিতে বিবেচনা করতে হবে;
<b>Promoting Decent Work through Improved Migration Policy and its Application in Bangladesh -শীর্ষক প্রকল্প</b>			
৩.৪	<b>অনুমোদিত আরটিপিপি'র অংগের সাথে পিসিআর-এ বর্ণিত অংগের অসামঞ্জস্যতাঃ</b> প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এ অনুমোদিত টিপিপি সংস্থানকৃত অংগের ব্যয় উল্লেখ না করে টিপিপি বহির্ভূত ৩টি অংগের ব্যয় উল্লেখ করা হয়েছে (পিসিআর Chapter-B, অনুচ্ছেদ ৫.০)। পিসিআর-এ ৩টি অংগের অনুকূলে ১৪৪৭.৪০ লক্ষ টাকা ব্যয় দেখানো হয়েছে। অর্থাৎ অনুমোদিত আরটিপিপি অংগের ব্যয়ের কোন সামঞ্জস্য নেই। অপরদিকে, পিসিআর প্রকল্প ব্যয় ২৮৩৩.৯২ লক্ষ টাকা প্রদর্শন করা হয়েছে। কিন্তু অংগ ভিত্তিক ব্যয়ের সা থে মিল নেই। অংগ ভিত্তিক ব্যয়ের বিষয়ে প্রকল্পের ন্যাশনাল প্রোগ্রাম অফিসারকে কয়েকবার টেলিফোনে জানানো হলে তিনি ইমেইলে তথ্য প্রেরণ করেন। যাতে প্রকল্প ব্যয় দেখানো হয়েছে ২৮০২.৩৯ লক্ষ টাকা। অর্থাৎ প্রকল্প পিসিআর ও ইমেইলে প্রেরিত তথ্যে গড়মিল রয়েছে। যা পরিকল্পনা ও আর্থিক শৃংখলা পরিপন্থী;	৩.৪	অনুমোদিত আরটিপিপি'র বহির্ভূত অংগে ব্যয় করা সম্পূর্ণ নিয়ম-নীতি পরিপন্থী। প্রকল্পের অনুমোদিত আরটিপিপি সংস্থান অপেক্ষা ব্যয় এবং পিসিআর-এ প্রকল্প ব্যয়ের ভুল তথ্য প্রদর্শন করার বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে পরিকল্পনা কমিশন ও আইএমইডি'কে অবহিত করবে (অনুচ্ছেদ ১৫.১ ও ১৫.২ দ্রষ্টব্য);

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
৩.৫	<b>Printing &amp; Publications অংশে আরটিপিপি অপেক্ষা অতিরিক্ত ব্যয়ঃ</b> প্রকল্পের আওতায় আরটিপিপিতে এ খাতে ১৬.৪০ লক্ষ টাকা সংস্থান ছিল। প্রকল্প বাস্তবায়নকালে এ খাতে ২৬.৭৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এ খাতে অতিরিক্ত ১০.৩৫ লক্ষ টাকা ব্যয়ের কোন ব্যাখ্যা প্রকল্প পরিচালকের কার্যালয় থেকে পাওয়া যায়নি;	৩.৫	প্রকল্পের <b>Audit (Internal &amp; External)</b> যথাশীঘ্র সম্পন্ন করতে হবে এবং তা আইএমইডি'তে প্রেরণ করতে হবে (অনুচ্ছেদ ১৫.২ দ্রষ্টব্য); এবং
৩.৬	<b>প্রকল্পের Audit সম্পর্কে পিসিআর-এ উল্লেখ না করাঃ</b> আলোচ্য প্রকল্পটি ৫টি অর্থ বছরে বাস্তবায়ন করা হয় এবং ডিসেম্বর ২০১৫-এ প্রকল্পটি সমাপ্ত হয়। প্রকল্প বাস্তবায়নকালে <b>Internal &amp; External Audit</b> সম্পন্ন করা হয়েছে কি - না তা পিসিআর-এ উল্লেখ করা হয়নি;	৩.৬	ভবিষ্যতে যথাযথ <b>Feasibility Study</b> সম্পন্ন করে <b>Need-based</b> প্রকল্প গ্রহণ যুক্তিসংগত হবে। প্রায় একই ধরনের কার্যক্রমের ক্ষুদ্র ক্ষুদ্র (কম প্রাঙ্কলিত মূল্যের) অনেকগুলো প্রকল্প গ্রহণ না করে সুনির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে সুনির্দিষ্ট কর্মকান্ড টিপিপি'তে সুস্পষ্টভাবে উল্লেখ করে একটি সমন্বিত প্রকল্প গ্রহণ করাই শ্রেয়। এ ধরনের প্রকল্পের যেসব কার্যক্রমের (সভা, সেমিনার, প্রশিক্ষণ, র্যা লী, কর্মশালা, ম্যানুয়েল তৈরি, আলোচনা সভা ইত্যাদি) প্রকল্প বাস্তবায়ন পরবর্তী সময়ে দৃশ্যমান কোন <b>Outcome</b> পাওয়া যায় না সে সকল কার্যক্রম আয়োজনের পূর্বে সংশ্লিষ্ট কার্যক্রম সম্পর্কে আইএমইডি'কে অবহিত করতে হবে। আইএমইডি কর্তৃক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের জন্য এ বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ (অনুচ্ছেদ ১৫.৪ দ্রষ্টব্য);

## Institutional Support for Migrant Workers' Remittances (Component B and C)

-শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

- ১.০ প্রকল্পের নাম : Institutional Support for Migrant Workers' Remittances (Component B and C)
- ২.০ মন্ত্রণালয়/বিভাগ : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৩.০ বাস্তবায়নকারী সংস্থা : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৪.০ প্রকল্পের অবস্থান : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৫.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট টাকা প্রঃসাঃ	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল মোট টাকা প্রঃসাঃ	সর্বশেষ সংশোধিত মোট টাকা প্রঃসাঃ		মূল	সর্বশেষ সংশোধিত			
১৮২.৯১ ৩১.৬৬ ১৫১.০০	--	৪০.৫২ ১৪.৮৫ ২৫.৬৭	জানুয়ারী, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৪	--	জানুয়ারী, ২০১২ হতে জুন, ২০১৬	(-) ১৪২.৩৯ (৭৭.৮৫%)	১ বছর ৬ মাস (৫০%)

- নোটঃ ১) আলোচ্য কারিগরি সহায়তা প্রকল্পটি বাংলাদেশ সরকার ও ADB-এর যৌথ অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।  
২) ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদকাল জুন, ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

### ৬.০ পটভূমি ও উদ্দেশ্যঃ

৬.১ পটভূমিঃ এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) আর্থিক সহায়তায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক “Institutional Support for Migrant Workers' Remittances” শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের Component B and C এর বাস্তবায়ন করা হয়। প্রকল্পটি মূলত রেমিটেন্স সম্পর্কে সচেতনতা তৈরি এবং রেমিটেন্সের যথাযথ ব্যবহার সম্পর্কে সাধারণ জনগণকে ধারণা প্রদানের জন্য গ্রহণ করা হয়।

৬.২ উদ্দেশ্যঃ রেমিটেন্স প্রদান ও অন্যান্য আর্থিক লেনদেনে অধিক সুবিধা প্রদানের মাধ্যমে বাংলাদেশী অভিবাসী কর্মীদের মধ্যে প্রযুক্তি নির্ভর কর্মকান্ডে উৎসাহ প্রদানে সহায়তা করা।

৭.০ প্রকল্পের মূল কার্যক্রমঃ প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত কার্যক্রম পরিচালনা করাঃ

- প্রশিক্ষণ, ওয়ার্কশপ ও সেমিনার;
- পরামর্শক নিয়োগ করে তাদের দ্বারা প্রয়োজনীয় ট্রেনিং ম্যানুয়েল ও রিপোর্ট তৈরি করা;
- অফিস যন্ত্রপাতি ক্রয়;

৮.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অনুমোদিত টিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয়	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৫	৪	৭	৬
	ক) রাজস্ব খাতঃ					
	সরবরাহ ও সেবা					
০১	প্রশিক্ষণ, ওয়ার্কশপ, সেমিনার	থোক	-	৪৮.৬৫		৩৫.০২
০২	স্থানীয় পরামর্শক	জনমাস	১৫	৪৪.৫১		
০৩	কনটিনজেন্সি	থোক	-	৭.৪২		
	উপ-মোট (রাজস্ব):			১৭৭.২৬		৩৫.০২
	খ) মূলধান খাতঃ					
	অফিস যন্ত্রপাতি					
০৫	কম্পিউটার (এক্সেসরিজসহ)	সংখ্যা	৩	৩.০০		৫.৫০
০৬	স্ক্যানার	সংখ্যা	১	০.১৫		
০৭	ফটোকপিয়ার	সংখ্যা	১	২.৫০		
	উপ-মোট (মূলধান):			৫.৬৫		৫.৫০
	সর্বমোটঃ			১৮২.৯১		৪০.৫২

৯.০ কাজ অসমাপ্ত থাকিলে উহার কারণঃ বর্ণিত প্রকল্পের আওতায় অনুমোদিত টিপিপি অনুযায়ী প্রশিক্ষণ, ওয়ার্কশপ, সেমিনার অঙ্গ এবং কনটিনজেন্সি অঙ্গের কোন অর্থ ব্যয় করা হয়নি।

১০.০ প্রকল্পের অনুমোদনঃ আলোচ্য কারিগরি সহায়তা প্রকল্পটির ২৬/০৭/২০১২ তারিখে বিভাগীয় বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিএসপিইসি) এর সভা অনুষ্ঠিত হয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক ০৮/১০/২০১২ তারিখে ১৮২.৯১ লক্ষ টাকা (জিওবি- ৩১.৬৬ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য- ১৫১.২৫ লক্ষ টাকা) ব্যয়ে জানুয়ারি, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।

১০.১ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ৩ বার বৃদ্ধিঃ প্রকল্প পরিচালক বার বার পরিবর্তন হওয়ায় স্থানীয় পরামর্শক নিয়োগে বিলম্ব হয়েছে। তাছাড়া প্রকল্পের মূল কার্যক্রম যেমন- মাঠ পর্যায়ের প্রশিক্ষণ, সার্ভে, ফোকাস গ্রুপ মিটিং, ওয়ার্কশপ ইত্যাদি সম্পন্ন করার লক্ষ্যে উন্নয়ন সহযোগী এডিবি'র সম্মতির প্রেক্ষিতে প্রকল্পের মেয়াদকাল অর্থাৎ জুন ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

১১.০ বছর ভিত্তিক এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

আর্থিক বছর	এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি (টাকা)	ব্যয়		
	মোট	টাকা	প্রঃসাঃ		মোট	টাকা	প্রঃসাঃ
২০১৪-২০১৫	২৬.০০	৬.০০	২০.০০	৬.০০	-	-	-
২০১৫-২০১৬	৯০.০০	১৫.০০	৭৫.০০	১৫.০০	৪০.৫২	১৪.৮৫	২৫.৬৭
মোটঃ	১১৬.০০	২১.০০	৯৫.০০	২১.০০	৪০.৫২	১৪.৮৫	২৫.৬৭

১২.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্ব পালনের মেয়াদকাল	
০১	ড. শাহনাজ আরফিন	২৮/০১/১৪	১৩/০২/১৪
০২	জনাব মোঃ মুনসুরুল আলম	২৪/০৮/১৪	১১/১০/১৫
০৩	জনাব কে এম আলী রেজা	২৯/১০/১৫	৩০/০৬/১৬

১৩.০ প্রকল্পের প্রধান প্রধান অংগের বিশ্লেষণঃ

- ১৩.১ স্থানীয় পরামর্শকঃ প্রকল্পের আওতায় ১৫ মাসের জন্য ১ জন স্থানীয় পরামর্শককে নিয়োগ প্রদান করা হয়েছে। টিপিপিতে এ খাতে ৪৪.৫১ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে ৩৫.০২ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে;
- ১৩.২ কম্পিউটার, স্ক্যানার, ফটোকপিয়ার ক্রয়ঃ প্রকল্পের আওতায় প্রকল্প পরিচালকের কার্যালয়ের জন্য ৩টি কম্পিউটার, ১টি স্ক্যানার, ১টি ফটোকপিয়ার ক্রয়ের জন্য টিপিপিতে ৫.৬৫ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে ৫.৫০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।
- ১৪.০ প্রকল্প পরিদর্শনঃ প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে আইএমইডি 'র উপ-পরিচালক আফরোজা আকতার চৌধুরী কর্তৃক ১৯/১২/২০১৬ তারিখে প্রকল্প পরিচালকের কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প ব্যবস্থাপক উপস্থিত ছিলেন। পরিদর্শনে প্রাপ্ত তথ্য নিম্নরূপঃ
- ১৪.১ প্রকল্পের আওতায় ১ জন স্থানীয় পরামর্শক নিয়োগ প্রদান করা হয়েছিল এবং এ বাবদ ৩৫.০২ লক্ষ টাকা ব্যয় করা হয়। তাছাড়া প্রকল্প কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য ৩টি কম্পিউটার, ১টি স্ক্যানার ও ১টি ফটোকপিয়ার ৫.৫০ লক্ষ টাকায় ক্রয় করা হয়।
- ১৪.২ প্রকল্পের টিপিপিতে সংস্থানকৃত প্রশিক্ষণ, ওয়ার্কশপ, সেমিনার এবং কনটিনজেন্সি খাতের কোন কাজ সম্পন্ন করা হয়নি এবং ৫৬.০৭ লক্ষ টাকা ব্যয় করা হয়নি।
- ১৫.০ প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
রেমিটেন্স প্রদান ও অন্যান্য আর্থিক লেনদেনে অধিক সুবিধা প্রদানের মাধ্যমে বাংলাদেশী অভিবাসী কর্মীদের মধ্যে প্রযুক্তি নির্ভর কর্মকাণ্ডে উৎসাহ প্রদানে সহায়তা করা।	প্রকল্পে নিয়োগকৃত ২ জন পরামর্শক কর্তৃক প্রয়োজনীয় ট্রেনিং ম্যানুয়েল ও রিপোর্ট তৈরি করা হয়েছে। পরামর্শকগণ প্রকল্পের প্রশিক্ষণ, ওয়ার্কশপ, ফোকাস গ্রুপ মিটিং ইত্যাদি পরিচালনার জন্য এডিবি অনুমোদিত বাজেট লাইন অনুযায়ী ট্রেনিং উপকরণ (যেমন মডিউল, পোস্টার, লিফলেট, ব্যানার, ফেস্টুন) তৈরি করে। কিন্তু মাঠ পর্যায়ে তা বাস্তবায়ন করা সম্ভব হয়নি।

১৬.০ আইএমইডি'র পর্যবেক্ষণঃ

- ১৬.১ প্রকল্পের কতিপয় অঙ্গের বাস্তবায়ন না করাঃ অনুমোদিত টিপিপি অনুযায়ী প্রশিক্ষণ, ওয়ার্কশপ, সেমিনার এবং কনটিনজেন্সি খাতের কোন কাজ সম্পন্ন করা হয়নি এবং এ খাত দুটির মোট ৫৬.০৭ লক্ষ টাকা ব্যয় করা হয়নি। তাছাড়া প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৮২.৯১ লক্ষ টাকার বিপরীতে প্রকল্প সমাপ্তিতে মাত্র ৪০.৫২ লক্ষ টাকা ব্যয় করা হয়। অনুমোদিত টিপিপি অনুযায়ী ১৪২.৩৯ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়নি। ফলে প্রকল্পের মূল উদ্দেশ্য অর্জন করা সম্ভব হয়নি;
- ১৬.২ ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনঃ প্রকল্পটি বাস্তবায়নকালে সাড়ে ৪ বছরে মোট ৩ জন প্রকল্প পরিচালক বিভিন্ন মেয়াদে দায়িত্বে নিয়োজিত ছিলেন। পিসিআর পর্যালোচনা করে দেখা যায়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিদ্ধান্তক্রমে প্রকল্প পরিচালক/ম্যানেজার পরিবর্তন করা হয় এবং প্রত্যেকেই এ প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক বার বার বদলীর কারণে প্রকল্প সঠিকভাবে বাস্তবায়ন হয়নি। প্রকল্প পরিচালক বার বার পরিবর্তন মোটেই সমীচীন নয়;
- ১৬.৩ প্রকল্প পরিচালনায় কর্তৃপক্ষের দুর্বল ব্যবস্থাপনাঃ প্রকল্পটির বাস্তবায়নকাল ৩ বছরের স্থলে সাড়ে ৪ বছরে সমাপ্ত হয়েছে। অথচ, অনুমোদিত টিপিপি সংস্থানকৃত অর্থের মাত্র ২২.১৫% অর্থ ব্যয় করা সম্ভব হয়েছে। বাকি ৭৭.৮৫% অর্থ ব্যয় করা সম্ভব হয়নি। উন্নয়ন সহযোগী সংস্থা এডিবি'র অর্থ ফেরৎ দেয়া হয়েছে। এতে প্রকল্প কর্তৃপক্ষের দুর্বল ব্যবস্থাপনা পরিলক্ষিত হয়েছে।

১৭.০ সুপারিশ/দিক-নির্দেশনাঃ

- ১৭.১ প্রকল্পের অনুমোদিত প্রাক্কলিত ১৮২.৯১ লক্ষ টাকার মধ্যে মাত্র ৪০.৫২ লক্ষ টাকা ব্যয় হয়। অবশিষ্ট ১৪২.৩৯ লক্ষ টাকা অব্যয়িত থাকার ফলে প্রকল্পের মূল উদ্দেশ্য অর্জিত হয়নি। যা প্রকল্প ব্যবস্থাপনা তথা সক্ষমতা ঘাটতি নির্দেশ করে। ভবিষ্যতে বাস্তবায়নকারী সংস্থা প্রকল্প গ্রহণকালে সংস্থার সক্ষমতার বিষয়টি বিবেচনায় রাখতে হবে।
- ১৭.২ প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের মাত্র ২২.১৫% অর্থ ব্যয় করা হয়েছে। প্রকল্পের বাকি অর্থ ব্যয় না করা এবং প্রকল্পের উদ্দেশ্য সিংহভাগ অর্জিত না করার বিষয়টি মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং তা আইএমইডিকে অবহিত করবে;
- ১৭.৩ ভবিষ্যতে উন্নয়ন প্রকল্প যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প পরিচালক বার বার পরিবর্তন পরিহার করতে হবে এবং পরিবর্তন একান্ত আবশ্যিকীয় হলে প্রকল্প পরিচালক পরিবর্তন বিষয়ক কমিটিতে বিবেচনা করতে হবে;
- ১৭.৪ ভবিষ্যতে উন্নয়ন প্রকল্প অনুমোদনের পর প্রকল্পের বার্ষিক কর্ম পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম যথাযথভাবে প্রতিপালন করতে হবে। প্রকল্পের জিওবি ও প্রকল্প সাহায্য অর্থ যথাসময়ে ও যথাযথভাবে ব্যয়ের বিষয়ে কর্তৃপক্ষকে আরও যত্নবান হতে হবে।

**Promoting Decent Work through Improved Migration Policy and its  
Application in Bangladesh -শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

- ১.০ প্রকল্পের নাম : **Promoting Decent Work through Improved Migration Policy and its Application in Bangladesh**
- ২.০ মন্ত্রণালয়/বিভাগ : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৩.০ বাস্তবায়নকারী সংস্থা : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও আইএলও
- ৪.০ প্রকল্পের অবস্থান : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৫.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট টাকা প্রঃসাঃ	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল মোট টাকা প্রঃসাঃ	সর্বশেষ সংশোধিত মোট টাকা প্রঃসাঃ		মূল	সর্বশেষ সংশোধিত			
২৮৭০.০০	২৮৭০.০	২৮৩৩.৯২	জুলাই, ২০১১	জুলাই, ২০১১ হতে ডিসেম্বর, ২০১৫	জুলাই, ২০১১ হতে ডিসেম্বর, ২০১৫	(-) ৩৬.০৮ (১.২৬%)	১ বছর ৬ মাস (৫০%)
-	০	-					
২৮৭০.০০	- ২৮৭০.০ ০	২৮৩৩.৯২	হতে জুন, ২০১৪				

নোটঃ আলোচ্য কারিগরি সহায়তা সম্পূর্ণ প্রকল্প সাহায্য ILO-এর অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৬.০ পটভূমি ও উদ্দেশ্যঃ

৬.১ পটভূমিঃ ২০০৮ সালে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আইএলও Swiss Agency for cooperation and development (SDC) এর সহায়তায় যৌথভাবে একটি আঞ্চলিক সিম্পোজিয়াম-এর আয়োজন করে। উক্ত সিম্পোজিয়ামে আলোচনাকালে এ মর্মে সকলে সম্মত হয় যে, বাংলাদেশের অভিবাসন প্রতিকূলতার বিষয় সমন্বিতভাবে চিহ্নিত করতে হবে এবং অভিবাসন ব্যয় কমানোর ও এর বিরূপতা নিরসনে সর্বোচ্চ সুবিধা অর্জন নিশ্চিত করা দরকার। উল্লেখিত সিম্পোজিয়ামে কয়েকটি কার্যক্রম গ্রহণের প্রস্তাব করা হয়। পরবর্তীতে UNIFEM এবং ILO এর মধ্যে ১৮-২০ আগস্ট, ২০০৯ সালে একটি আঞ্চলিক ডায়ালগ সম্পন্ন হয়। উক্ত সভায় বৈদেশিক চাকুরিরত পুরুষ এবং মহিলা অভিবাসীদের সুযোগ সৃষ্টি এবং তাদের অধিকার সম্পর্কে ধারণা প্রদানের লক্ষ্যে সমন্বিত নীতি গ্রহণ করা হয়। এ লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৬.২ উদ্দেশ্যঃ

- ক) অভিবাসন সংক্রান্ত বিভিন্ন পলিসি এবং প্রতিষ্ঠান শক্তিশালীকরণ এবং নারী ও পুরুষ উভয় ধরনের অভিবাসিত শ্রমিকের পরিবারের সদস্যদের নিরাপত্তা প্রদান;



খ) বৈদেশিক চাকুরি প্রাপ্তিতে সহায়তাকারী প্রতিষ্ঠান এবং সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের অপারেশনাল কাঠামো সূদৃঢ়করণ এবং সে লক্ষ্যে রিক্রুটমেন্ট এজেন্সিগুলো সঠিক আইন কানুন মেনে চলছে কিনা এ ব্যাপারে নজরদারী বৃদ্ধি এবং অভিবাসন খরচ কমানো;

গ) বাংলাদেশী অভিবাসী শ্রমিকের সামাজিক নিরাপত্তা মজবুতকরণ এবং বিশেষত কর্মস্থলে ও কর্মস্থল হতে ফেরার পর নারী অভিবাসী শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিতকরণ।

৭.০ প্রকল্পের মূল কার্যক্রমঃ প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত কার্যক্রম পরিচালনা করাঃ

- বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০০৬ পর্যালোচনা;
- অভিবাসন ও উন্নয়ন বিষয়ে গবেষণা;
- বিএমইটি'র জন্য ইনফরমেশন ও ডাটা ম্যানেজারে সিস্টেম প্রতিষ্ঠা;
- প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;
- নিয়োগকর্তা ও ট্রেড ইউনিয়ন-এর মাঝে সমঝোতার ব্যবস্থা;
- বৈদেশিক বাজার বিশ্লেষণ;
- বায়রা ও বেসরকারী রিক্রুটিং এজেন্সির বিদ্যমান পরিচালন নীতিমালা পর্যালোচনা;
- বাংলাদেশে ফেরত শ্রমিকদের জন্য ডাটাবেইজ প্রণয়ন এবং এদের উন্নয়নের জন্য সেলফ হেল্প ডাটা ইত্যাদি।

৮.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অনুমোদিত আরটিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	আরটিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয়	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৫	৪	৭	৬
	<b>A) Revenue Component</b>					
1	Pay of Establishment	জন	২	৮৭.১৮		৮৭.১৮
2	Travel project Staff	থোক	-	৯.১৩		৯.১৩
3	Travel officials/specialist	থোক	-	১২.৯৬		১২.৯৬
4	Printing and publications	থোক	-	১৬.৪০		২৬.৭৫
5	Review overseas employment policy 2006 and other policy documents.	থোক	-	১৬.৪০		১৬.৪০
6	research/studies on migration and development	থোক	-	২৪.৬০		২৪.৬০
7	Review system of BMET on ways to introduce innovative electronic processing of workers.	থোক	-	৩২.৮০		৩২.৮০
8	Research/studies on external market analysis	থোক	-	১৬.৪০		১৬.৪০
9	Review the existing code of conduct and other voluntary guidelines	থোক	-	৩৬.৯০		৩৬.৯০
10	Research/studies on labour welfare fund is cooperation with other countries	থোক	-	২৪.৬০		২৪.৬০
11	Awareness raising on done centuries and group of returnee migrates	থোক	-	১৭৬.২২		১৭৬.২২
12	Awareness raising on pre-departure issues	থোক	-	১৬.৪০		১৬.৪০
13	Awareness raising on communication strategy.	থোক	-	১৬.৪০		১৬.৪০
14	Promotional camping- prospective employers	থোক	-	৭৪.৯০		৭৪.৯০
15	Training on region wise process and Dialogue	থোক	-	২০.৫০		২০.৫০
16	Training for community people in selected	থোক	-	৮২.০০		৮২.০০

ক্রমিক নং	অনুমোদিত আরটিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	আরটিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয়	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৫	৪	৭	৬
	district					
17	Training for women	থোক	-	৭১.৭৫		৭১.৭৫
18	Training module development	থোক	-	২৪.৬০		২৪.৬০
19	Study tour	থোক	-	৪৯.২০	-	৪৯.২০
20	Strengthen BMET in overseas mechanism	থোক	-	১২৩.০০	-	১২৩.০০
21	Consultation with key stake holder	থোক	-	১২.৩০	-	১২.৩০
22	Seminar/consultation on common issues of legal and policy framework	থোক	-	৮২.০০	-	৮২.০০
23	Negotiation on employment protection and better protection for migrant workers	থোক	-	৭৭.৯০	-	৭৭.৯০
24	Dialogue on ways for improving professional of the private sectors in negotiation foreign employment contracts	থোক	-	২০.৫০	-	২০.৫০
25	International consultant (chief technical adviser)	জন	১	৫৮৪.৯৩		৫৩৮.১০
26	Local consultant (local professional staff)	জন	১	৭৮.৩৮		৭৮.৩৮
27	International consultant contract basis	থোক	-	৩০.০০	-	৩০.০০
28	National consultant contract basis	থোক	-	৩০.৭০	-	৩০.৭০
29	Monitoring and Evaluation	থোক	-	৪৫.৩০	-	৪৫.৩০
30	Review meeting, bit-lateral garment & dialogue	থোক	-	৬৫.৬০	-	৬৫.৬০
31	International technical services	থোক	-	১০.০০	-	১০.০০
32	Operation and Maintenance equipment	থোক	-	২৭.৩৫	-	২৭.৩৫
33	Establish information & data management system	থোক	-	১৯১.৬৭	-	১৬৮.৩১
34	Prepared database for returnee workers.	থোক	-	২৮.৭০	-	২৮.৭০
35	Design comprehensive package of services	থোক	-	৪১.০০	-	৪১.০০
36	Organize work arrangement for returnee workers	থোক	-	৫৬.৩৮	-	৫৬.৩৮
37	Provide referred service with return migrates is selected communities	থোক	-	৬৮.৬৮	-	৬৮.৬৮
38	Support Technical and logistics	থোক	-	৬২.২৪	-	৬২.২৪
	<b>Total (Revenue):</b>			২৪৪৫.৯৭		২৩৮৬.১৩
	<b>B) Capital Component:</b>					
39	Project Car	থোক	-	২৬.৩৭	-	২৬.৩৭
40	Office equipment	থোক	-	২৮.৫০	-	২৮.৫০
41	Sundries	থোক	-	৩৮.৯৮	-	৩৮.৯৮
	<b>Total (Capital):</b>			৯৩.৮৫		৯৩.৮৫
	<b>Grand Total (Revenue + Capital)</b>			২৫৩৯.৮২		২৪৭৯.৯৮
	Programme Support Cost			৩৩০.১৮		৩২২.৪১
	মোট			২৮৭০.০০		২৮০২.৩৯

৯.০ কাজ অসমাপ্ত থাকিলে উহার কারণঃ বর্ণিত প্রকল্পের আওতায় অনুমোদিত আরটিপিপি অনুযায়ী সকল অংগের কাজ বাস্তবায়ন করা হয়েছে।

১০.০ প্রকল্পের অনুমোদনঃ আলোচ্য কারিগরি সহায়তা প্রকল্পটির ২৬/০৭/২০১২ তারিখে বিভাগীয় বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিএসপিইসি) এর সভা অনুষ্ঠিত হয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক ০৮/১০/২০১২ তারিখে ১৮২.৯১ লক্ষ টাকা (জিওবি- ৩১.৬৬ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য- ১৫১.২৫ লক্ষ টাকা) ব্যয়ে জানুয়ারি, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।

১০.১ সংশোধনঃ প্রকল্প টিপিপি অনুমোদন হতে ১ বছর বিলম্ব হয়। অনুমোদিত প্রকল্পের Provide equipment and development of network server and database বাবদ ব্যয় বৃদ্ধি। অর্গানাইজেশন এমপ্লয়ার ভিজিট এবং শর্ট প্রমোশানাল টিভিসি খাতে ব্যয় বৃদ্ধি। ইউএন-ওমেন জেন্ডার মেইনস্ট্রিমিং ইন লেবার এট্যাচি ট্রেনিং নামক নতুন অঙ্গ অন্তর্ভুক্তকরণ করে টিপিপি সংশোধন করা হয়। সংশোধিত টিপিপি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২১/১০/২০১৪ তারিখে ২৮৭০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।

১১.০ বছর ভিত্তিক এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

আর্থিক বছর	এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি (টাকা)	ব্যয়		
	মোট	টাকা	প্রঃসাঃ		মোট	টাকা	প্রঃসাঃ
২০১১-২০১২	-	-	-	-	৫৪.৪০	-	৫৪.৪০
২০১২-২০১৩	৮১৫.৯৯	-	৮১৫.৯৯	-	৭৬১.৫৯	-	৭৬১.৫৯
২০১৩-২০১৪	৭০০.০০	-	৭০০.০০	-	৭০১.৮৪	-	৭০১.৮৪
২০১৪-২০১৫	১১৬৬.৫০	-	১১৬৬.৫০	-	৮৮৯.৫৮	-	৮৮৯.৫৮
২০১৫-২০১৬	১৮৭.৫১	-	১৮৭.৫১	-	৪২৬.৫১	-	৪২৬.৫১
মোটঃ	২৮৭০.০০	-	২৮৭০.০০	-	২৮৩৩.৯২	-	২৮৩৩.৯২

১২.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্ব পালনের মেয়াদকাল	
০১	জনাব হযরত আলী অতিরিক্ত সচিব ও জাতীয় প্রকল্প সমন্বয়ক	০১/০৭/২০১১	৩১/১২/২০১৫

১৩.০ প্রকল্প পরিদর্শনঃ

প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে আইএমইডি 'র উপ-পরিচালক আফরোজা আকতার চৌধুরী কর্তৃক ১৯/১২/২০১৬ তারিখে প্রকল্প পরিচালকের কার্যালয় পরিদর্শন করা হয়। প্রকল্পের কয়েকটি প্রধান অংগের বিবরণ নিম্নরূপঃ

১৩.১ Awareness raising on done centuries and group of returnee migrates: প্রকল্পের আওতায় আরটিপিপি সংস্থান অনুযায়ী এ খাতে ১৭৬.২২ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

১৩.২ Training for community people in selected district: প্রকল্পের আওতায় আরটিপিপি সংস্থান অনুযায়ী এ খাতে ৮২.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

১৩.৩ Training for women: প্রকল্পের আওতায় আরটিপিপি সংস্থান অনুযায়ী এ খাতে ৭১.৭৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

- ১৩.৪ **Strengthen BMET in overseas mechanism:** প্রকল্পের আওতায় আরটিপিপি সংস্থান অনুযায়ী এ খাতে ১২৩.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।
- ১৩.৫ **Seminar/consultation on common issues of legal and policy framework:** প্রকল্পের আওতায় আরটিপিপি সংস্থান অনুযায়ী এ খাতে ৮২.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।
- ১৩.৬ **Establish information & data management system:** প্রকল্পের আওতায় আরটিপিপিতে এ খাতে ১৯১.৬৭ লক্ষ টাকা সংস্থান অনুযায়ী ১৬৮.৩১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।
- ১৩.৭ **Office equipment:** প্রকল্পের আওতায় আরটিপিপি সংস্থান অনুযায়ী এ খাতে ২৮.৫০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।
- ১৩.৮ **Printing & Publications:** প্রকল্পের আওতায় আরটিপিপিতে এ খাতে ১৬.৪০ লক্ষ টাকা সংস্থান ছিল। প্রকল্প বাস্তবায়নকালে এ খাতে ২৬.৭৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এ অতিরিক্ত ব্যয়ের কোন ব্যাখ্যা প্রকল্প পরিচালকের কার্যালয় থেকে পাওয়া যায়নি।
- ১৩.৯ প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এ অনুমোদিত টিপিপি সংস্থানকৃত অংগের ব্যয় উল্লেখ না করে টিপিপি বহির্ভূত ৩টি অংগের ব্যয় উল্লেখ করা হয়েছে (পিসিআর Chapter-B, অনুচ্ছেদ ৫.০)। পিসিআর-এ ৩টি অংগের অনুকূলে ১৪৪৭.৪০ লক্ষ টাকা ব্যয় দেখানো হয়েছে। অর্থাৎ অনুমোদিত আরটিপিপি অংগের ব্যয়ের কোন সামঞ্জস্য নেই। পিসিআর প্রকল্প ব্যয় ২৮৩৩.৯২ লক্ষ টাকা প্রদর্শন করা হয়েছে। কিন্তু অংগ ভিত্তিক ব্যয়ের সাথে মিল নেই। অংগ ভিত্তিক ব্যয়ের বিষয়ে প্রকল্পের ন্যাশনাল প্রোগ্রাম অফিসারকে (জনাব রাহনুমা সালাম খান, মোবঃ ০১৯১১৩১৪০৪৪) কয়েকবার টেলিফোনে জানানো হলে তিনি ইমেইলে তথ্য প্রেরণ করেন। যাতে প্রকল্প ব্যয় দেখানো হয়েছে ২৮০২.৩৯ লক্ষ টাকা। অর্থাৎ প্রকল্প পিসিআর ও ইমেইলে প্রেরিত তথ্যে গড়মিল রয়েছে।
- ১৪.০ **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ**

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
ক) অভিবাসন সংক্রান্ত বিভিন্ন পলিসি এবং প্রতিষ্ঠান শক্তিশালীকরণ এবং নারী ও পুরুষ উভয় ধরনের অভিবাসিত শ্রমিকের পরিবারের সদস্যদের নিরাপত্তা প্রদান;	<ul style="list-style-type: none"> <li>□ বিদ্যমান 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী অর্ডিনেন্স ১৯৮২' রিভিউ করা হয় এবং 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩' এর খসড়া প্রণয়ন, যা সরকার কর্তৃক ২০১৩ অনুমোদিত হয়;</li> <li>□ বিদ্যমান 'বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০০৬' রিভিউ করা হয় এবং 'প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬' এর খসড়া প্রণয়ন করা হয়, যা ২০১৬-এর জানুয়ারিতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদন লাভ করে;</li> <li>□ বিদ্যমান দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্বাক্ষরসমূহ রিভিউ-এর মাধ্যমে অভিবাসী কর্মীর সুরক্ষা নিশ্চিত করণীয় বিষয়সমূহ চিহ্নিত করা হয়, এতে করে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নেগোসিয়েশনের দক্ষতা বৃদ্ধি পায়;</li> <li>□ অভিবাসন সংশ্লিষ্ট কিছু বিষয়ভিত্তিক নিবিড় গবেষণা (যেমন- অভিবাসন ব্যয়, দক্ষতা প্রশিক্ষণ, রেমিটেন্স ব্যবহার, নারী অভিবাসন) করা হয়। এতে করে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, নীতি নির্ধারণ ও স্ট্র্যাটেজি নির্ধারণে সরকারের পরিপূর্ণ জ্ঞান থাকে;</li> <li>□ স্টেকহোল্ডার পরামর্শসভার মাধ্যমে বিদ্যমান আইন ও নীতি রিভিউ ও নতুন আইন-নীতিমালা প্রণয়নের কারণে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, সিভিল সোসাইটি, এমপ্লয়ার্স এসোসিয়েশন এবং ওয়ার্কার্স এসোসিয়েশনের সমন্বয় আরো সুদৃঢ় হয়, এতে করে সমন্বিত অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত হয়।</li> </ul>
খ) বৈদেশিক চাকুরি প্রাপ্তিতে সহায়তাকারী প্রতিষ্ঠান এবং	□ মন্ত্রণালয়ের অন্তর্ভুক্ত বিএমইটি-এর প্রাতিষ্ঠানিক সিস্টেম রিভিউ-এর মাধ্যমে প্রতিষ্ঠানের সেবা প্রদানে সক্ষমতা বৃদ্ধির জন্য নির্দিষ্ট সুপারিশমালা প্রণয়ন করা

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের অপারেশনাল কাঠামো সুদৃঢ়করণ এবং সে লক্ষ্যে রিক্রুটমেন্ট এজেন্সিগুলো সঠিক আইন কানুন মেনে চলছে কিনা এ ব্যাপারে নজরদারী বৃদ্ধি এবং অভিবাসন খরচ কমানো;	<p>হয়, পরবর্তীতে যা বিএমইটি বাস্তবায়ন করে। এর মধ্যে বিএমইটি-কে আইএসও সার্টিফিকেশন সনদ লাভ, কমপ্লেইন মেকানিজম শক্তিশালীকরণ অন্যতম;</p> <ul style="list-style-type: none"> <li>□ রিক্রুটমেন্ট এজেন্সিদের এথিকেল রিক্রুটমেন্ট নিশ্চিতকরণে তাদের 'ক্ল্যাসিফিকেশন' এবং 'কোড অব কন্ডাক্ট' প্রণয়নের মাধ্যমে তাদের সেবাসমূহের মান বৃদ্ধি ও পেশাদারিত্ব নিশ্চিত করা হয় এবং প্রশিক্ষণ প্রদান করা হয়;</li> <li>□ জাতিসংঘের অভিবাসী সংক্রান্ত ১৯৯০ সালের কনভেনশন বাস্তবায়নের লক্ষ্যে উন্নত কমপ্ল্যায়েন্স নিশ্চিতকরণ করা হয়;</li> <li>□ চাহিদা ভিত্তিক দক্ষতা এবং আন্তর্জাতিক এপ্রেনটেনশিপের মাধ্যমে এবং উন্নত দক্ষতা প্রশিক্ষণের মাধ্যমে বৈদেশিক কর্মসংস্থানে সাহায্য করা হয়;</li> <li>□ বিকেন্দ্রীকরণের মাধ্যমে নিরাপদ ও নিয়মিত অভিবাসন সম্পর্কে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়।</li> </ul>
গ) বাংলাদেশী অভিবাসী শ্রমিকের সামাজিক নিরাপত্তা মজবুতকরণ এবং বিশেষত কর্মস্থলে ও কর্মস্থল হতে ফেরার পর নারী অভিবাসী শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিতকরণ।	<ul style="list-style-type: none"> <li>□ মন্ত্রণালয়ের অন্তর্ভুক্ত ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ডের প্রাতিষ্ঠানিক সিস্টেম রিভিউ-এর মাধ্যমে এ প্রতিষ্ঠানের সেবা প্রদানে সক্ষমতা বৃদ্ধির জন্য নির্দিষ্ট সুপারিশমালা প্রণয়ন করা হয়, পরবর্তীতে যা ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড বাস্তবায়ন করে;</li> <li>□ কর্মীদের কো-অপারেটিভ বেইজড কর্মসংস্থান সেবার বিষয়ে লিগ্যাল ম্যাপিং করা হয়;</li> <li>□ ভাষাগত দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে কর্মীদের আরবি ও ইংরেজি ভাষায় প্রশিক্ষণ প্রদানের জন্য প্রশিক্ষণ ম্যানুয়েল প্রণয়ন করা হয় এবং প্রশিক্ষণ বিকেন্দ্রীকরণে সহায়তা করা হয়;</li> <li>□ সংযুক্ত আরব আমিরাত ও ওমানে অবস্থিত বাংলাদেশ মিশনস্থ শ্রম কল্যাণ উইং-এর অধীনে অভিবাসী কর্মীদের জন্য টোল ফ্রি হেল্প লাইন স্থাপন করা হয়;</li> <li>□ প্রত্যাগত কর্মীদের অর্জিত দক্ষতা দেশে কাজে লাগানোর উদ্দেশ্যে প্রত্যাগত কর্মীদের একটি প্রোফাইলিং সার্ভে করা হয়। এতে করে প্রত্যাগত কর্মীদের অর্জিত দক্ষতা দেশের কোথায় কোথায় কাজে লাগানো যেতে পারে সে সম্পর্কে একটি ধারণা হয়।</li> <li>□ ফরিদপুর, মানিকগঞ্জ এবং ঢাকা জেলায় অভিবাসী কর্মীদের জন্য রেফারেল ও রিসোর্স সেন্টার স্থাপন করা হয়।</li> <li>□ প্রত্যাগত দুঃস্থ নারী অভিবাসী কর্মীদের সমাজে পুনঃপ্রতিষ্ঠাকরণের উদ্দেশ্যে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়।</li> <li>□ নিয়োগ চুক্তিসমূহ রিভিউ-এর মাধ্যমে একে আরো উন্নত ও কর্মীবান্ধব করার জন্য সুপারিশমালা প্রণয়ন করা হয়।</li> </ul>

#### ১৫.০ আইএমইডি'র পর্যবেক্ষণঃ

১৫.১ অনুমোদিত আরটিপিপি'র অংগের সাথে পিসিআর-এ বর্ণিত অংগের অসামঞ্জস্যতাঃ প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এ অনুমোদিত টিপিপি সংস্থানকৃত অংগের ব্যয় উল্লেখ না করে টিপিপি বহির্ভূত ৩টি অংগের ব্যয় উল্লেখ করা হয়েছে (পিসিআর Chapter-B, অনুচ্ছেদ ৫.০)। পিসিআর-এ ৩টি অংগের অনুকূলে ১৪৪৭.৪০ লক্ষ টাকা ব্যয় দেখানো হয়েছে। অর্থাৎ অনুমোদিত আরটিপিপি অংগের ব্যয়ের কোন সামঞ্জস্য নেই। অপরদিকে, পিসিআর প্রকল্প ব্যয় ২৮৩৩.৯২ লক্ষ টাকা প্রদর্শন করা হয়েছে। কিন্তু অংগ ভিত্তিক ব্যয়ের সাথে মিল নেই। অংগ ভিত্তিক ব্যয়ের বিষয়ে প্রকল্পের ন্যাশনাল প্রোগ্রাম অফিসারকে কয়েকবার টেলিফোনে জানানো হলে তিনি ইমেইলে তথ্য প্রেরণ করেন। যাতে প্রকল্প ব্যয় দেখানো হয়েছে ২৮০২.৩৯ লক্ষ টাকা। অর্থাৎ প্রকল্প পিসিআর ও ইমেইলে প্রেরিত তথ্যে গড়মিল রয়েছে। যা পরিকল্পনা ও আর্থিক শৃংখলা পরিপন্থী;

- ১৫.২ **Printing & Publications** অংগে আরটিপিপি অপেক্ষা অতিরিক্ত ব্যয়ঃ প্রকল্পের আওতায় আরটিপিপিতে এ খাতে ১৬.৪০ লক্ষ টাকা সংস্থান ছিল। প্রকল্প বাস্তবায়নকালে এ খাতে ২৬.৭৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এ খাতে অতিরিক্ত ১০.৩৫ লক্ষ টাকা ব্যয়ের কোন ব্যাখ্যা প্রকল্প পরিচালকের কার্যালয় থেকে পাওয়া যায়নি;
- ১৫.৩ প্রকল্পের **Audit** সম্পর্কে পিসিআর-এ উল্লেখ না করাঃ আলোচ্য প্রকল্পটি ৫টি অর্থ বছরে বাস্তবায়ন করা হয় এবং ডিসেম্বর ২০১৫-এ প্রকল্পটি সমাপ্ত হয়। প্রকল্প বাস্তবায়নকালে Internal & External Audit সম্পন্ন করা হয়েছে কি-না তা পিসিআর-এ উল্লেখ করা হয়নি;
- ১৫.৪ প্রকল্প সম্পর্কে সার্বিক মতামতঃ নারীদের নিরাপদ মাইগ্রেশন বা বিদেশে দক্ষ নারী শ্রমিক প্রেরণ বা বিদেশ ফেরৎ শ্রমিকদেরকে পুনর্বাসনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ইতোমধ্যে সমজাতীয় কিছু প্রকল্প বাস্তবায়ন করেছে ও করছে, এগুলোর মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হচ্ছে- অক্টোবর, ২০০৯ হতে জুন, ২০১১ মেয়াদে “Ensuring Safe Migration of Bangladesh Women Workers (Revised)”, ২০১২-১৩ অর্থ বছরে সমাপ্ত হওয়া প্রকল্প; “Networks for Prevention and Protection of Women Migrant Workers from Violence” সমাপ্ত প্রকল্প; “UN-GOB "Joint Programme to address Violence Against Women” শীর্ষক সমাপ্ত প্রকল্প এবং “Promoting Decent Work through Improved Migration Policy and its Application in Bangladesh” শীর্ষক সমাপ্ত প্রকল্প। পূর্বের মূল্যায়ন প্রতিবেদন, ২০১২-১৩ অর্থ বছরে সমাপ্ত হওয়া প্রকল্পসমূহের বিভিন্ন অংগের নাম ও সদ্য সমাপ্ত আলোচ্য প্রকল্পের কার্যক্রম বিশ্লেষণ করে দেখা যায় যে, এসব প্রকল্পের সিংহভাগ কাজই সভা, সেমিনার, আলোচনা সভা, এডভোকেসি প্রোগ্রাম, বিভিন্ন ম্যানুয়েল তৈরি/ম্যানুয়েল আপডেট করা ইত্যাদির মধ্যে সীমাবদ্ধ। এসব কর্মকান্ডের ফলে নারী অভিভাবাসীরা কতটুকু উপকৃত হচ্ছে তা যথাযথ গবেষণা ব্যতীত নির্ণয় করা সম্ভব নয়। তবে সমসাময়িক প্রেক্ষাপট বিবেচনা করে বলা যায় যে, এ ধরনের প্রকল্পের দৃশ্যমান Outcome নিতান্তই অল্প। বিশেষ করে, বর্ণিত প্রকল্পের ক্ষেত্রে সুনির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে যে কার্যক্রম সম্পন্ন করা হয়েছে, সেগুলোর কার্যকারিতা সুস্পষ্টভাবে নির্ণয় করা সম্ভব হয়নি। অর্থাৎ উন্নয়ন সহযোগীদের অর্থায়নে ও প্রেসক্রিপশনে গৃহীত এসব প্রকল্প যতটা না Demand Driven তার চেয়ে বেশী Supply Driven হচ্ছে। সেক্ষেত্রে প্রকল্প সাহায্য কতটুকু Effective হচ্ছে কিংবা Value Add কিভাবে নিশ্চিত করা হচ্ছে সে বিষয়ে চিন্তার অবকাশ রয়েছে। আর এ ধরনের প্রকল্প বাস্তবায়নের পর প্রকল্প সংশ্লিষ্ট তথ্য উপাত্ত সংরক্ষণ না করায় এবং প্রকল্পের দৃশ্যমান কোন Outcome না থাকায় প্রকল্প মূল্যায়নে সমস্যা হয়।
- ১৬.০ সুপারিশ/দিক-নির্দেশনাঃ
- ১৬.১ অনুমোদিত আরটিপিপি ’র বহির্ভূত অংগে ব্যয় করা সম্পূর্ণ নিয়ম-নীতি পরিপন্থী। প্রকল্পের অনুমোদিত আরটিপিপি সংস্থান অপেক্ষা ব্যয় এবং পিসিআর-এ প্রকল্প ব্যয়ের ভুল তথ্য প্রদর্শন করার বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে পরিকল্পনা কমিশন ও আইএমইডি ’কে অবহিত করবে (অনুচ্ছেদ ১৫.১ ও ১৫.২ দ্রষ্টব্য);
- ১৬.২ প্রকল্পের Audit (Internal & External) যথাশীঘ্র সম্পন্ন করতে হবে এবং তা আইএমইডি’তে প্রেরণ করতে হবে (অনুচ্ছেদ ১৫.২ দ্রষ্টব্য); এবং
- ১৬.৩ ভবিষ্যতে যথাযথ Feasibility Study সম্পন্ন করে Need-based প্রকল্প গ্রহণ যুক্তিসংগত হবে। প্রায় একই ধরনের কার্যক্রমের ক্ষুদ্র ক্ষুদ্র (কম প্রাক্কলিত মূল্যের) অনেকগুলো প্রকল্প গ্রহণ না করে সুনির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে সুনির্দিষ্ট কর্মকান্ড টিপিপি’তে সুস্পষ্টভাবে উল্লেখ করে একটি সমন্বিত প্রকল্প গ্রহণ করাই শ্রেয়। এ ধরনের প্রকল্পের যেসব কার্যক্রমের (সভা, সেমিনার, প্রশিক্ষণ, র্যা লী, কর্মশালা, ম্যানুয়েল তৈরি, আলোচনা সভা ইত্যাদি) প্রকল্প বাস্তবায়ন পরবর্তী সময়ে দৃশ্যমান কোন Outcome পাওয়া যায় না সে সকল কার্যক্রম আয়োজনের পূর্বে সংশ্লিষ্ট কার্যক্রম সম্পর্কে আইএমইডি’কে অবহিত করতে হবে। আইএমইডি কর্তৃক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের জন্য এ বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ (অনুচ্ছেদ ১৫.৪ দ্রষ্টব্য);
- ১৬.৪ অনুচ্ছেদ ১৬.১ থেকে ১৬.৩ এ বর্ণিত সুপারিশ/দিক নির্দেশনার বিষয়ে মন্ত্রণালয়ের গৃহীত পদক্ষেপ আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডি বিভাগকে জানাতে হবে।